1000Rs.

INDIA NON JUDICIAL

१००० रु.

Rs 1000

सत्यमेव जयते

भारत

एक हजार रुपये ONE THOUSAND RUPEES

Certified that the document is admitted to registration. The signature sheet/s and the endorsment sheets attached with this document are the part of this document.

District Sub-Registrar-I
Alipore, South 24 Parganas

21 NOV 2012

মং ৩০,০০০/- ত্রিশ হাজার টাকা পণ মূল্যের নিঃস্বত্ব সাফ

:: বিক্রয় কোবালা দলিল ::

---

কোবালা গ্রহীতা :-

শ্রীমতী মঞ্জুরী চক্রবর্তী, স্বামী- মৃত গিরিজা শঙ্কর চক্রবর্তী, জাতি- হিন্দু, পেশা- চাকুরী, সাকিন- ৪ এ, রাসবিহারী এভিনিউ, কলিকাতা-৭০০০২৬ ॥

---

500Rs.

INDIA NON JUDICIAL

৫০০ট.　Rs500

পাঁচ শত টাকা　FIVE HUNDRED RUPEES



কোবালা দাত্রী :-
****************

শ্রীমতী অনিমা দেবী, স্বামী- মৃত শম্ভু নাথ চক্রবর্ত্তী, (ভট্টাচার্য্য), জাতি- হিন্দু, পেশা- গৃহস্থালী, সাকিন- বোড়াল, থানা- সোনারপুর, জেলা- দক্ষিণ ২৪ পরগণা ॥

********************************************

কস্য রায়তি স্থিতিবান স্বত্ব সাব্যস্ত যাহা সর্ব প্রকার আকর আওলাতাদি ও ইজমেন্ট স্বত্বাদি ও বৃক্ষাদি সহ স্থানীয় মাপে কমবেশী ৪ কাঠা ১১ ছটাক বাগান জমি জমা দরবস্তু হক হকুক নিঃস্বত্বে সাফ বিক্রয় কোবালা দলিল পত্র মিদং কার্য্যাঞ্চাগে :-

জেলা- দক্ষিণ ২৪ পরগণা, থানা- রিজেন্টপার্ক, সাব রেজিষ্ট্রি অফিস-

500Rs.

INDIA NON JUDICIAL

৫০০ টাকা Rs 500

পাঁচ শত টাকা FIVE HUNDRED RUPEES

আলিপুর, মৌজা- বোড়াল গ্রামে ২১১ নং খতিয়ান ভুক্ত ৬২৪ নং দাগে ১১ শতক এবং থানা রিজেন্টপার্ক -এর অন্তর্গত মৌজা- ব্রহ্মপুর গ্রামে ৯৯ নং খতিয়ান ভুক্ত ১২১৩ নং দাগ হইতে ৮ শতক, ১২১৪ নং দাগ হইতে ১৬ শতক ডাঙ্গা এবং ১২১৬ নং দাগ হইতে ২৯ শতক বাগান এক রেজিষ্ট্রীকৃত আপোষ বন্টন নামা বলে প্রাপ্ত হইয়াছি । উক্ত বন্টন নামা দলিলে আমার সকল ভ্রাতা ও ভগ্নীগণের প্রাপ্ত সম্পত্তি সুষ্ঠু ভাবে বন্টন হইয়াছে । উক্ত বন্টন নামা দলিল ইং- ১৯৮৪ সালে আলি-পুর সাব রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত যাহার বুক নং-১, ভল্যুম নং-৩০ এবং ৩৬৭ হইতে ৩৭৫ পৃষ্ঠায় লিপিবদ্ধ ৬৬৫০ নং বন্টন নামা

100Rs.

INDIA NON JUDICIAL

১০০ রু.

Rs. 100

ONE HUNDRED RUPEES



দাখিল হইতেছে । উক্ত সম্পত্তি আমি খাসে ভোগদখলে দখলিকার আছি ও হইতেছি ।

এক্ষণে নানাবিধ বৈধ ও ন্যায় সঙ্গত কারণে নগদ টাকার বিশেষ প্রয়োজন হওয়ায় নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি মধ্যে ৯৯ নং খতিয়ান ভুক্ত ১২১৪ নং দাগে ১৬ শতক ডাঙ্গা সম্পত্তির মধ্যে ১ কাঠা ১৩ ছটাক জমি জমাও ১২১৬ নং দাগে ২৯ শতক সম্পত্তির মধ্যে বিক্রিত সম্পত্তি বাদে সর্ব্ব মোট ৬ কাঠা ৮ ছটাক জমি জমা অবশিষ্ট ৪ কাঠা ১১ ছটাক বাগান জমি জমা । বর্ত্তমান বাজার উচিৎ পণ মূল্য ৩০,০০০ ত্রিশ হাজার টাকা পণ ধার্য্যে বিক্রয় করিবার ঘোষণা করিলে পর আপনি উক্ত কোবালা গ্রহীতা বর্ত্তমান বাজার দর যাচাই করিয়া পণ ধার্য্য ঠিক হইয়াছে জানিয়া ও অবগত হইয়া আমার প্রতি সকল

---৫

10 Rs.






বিশ্বাসে খরিদ করিবার প্রস্তাবে আপনারদের প্রস্তাবে আমি রাজী ও সম্মত র

হইয়া অদ্যকার তারিখে ধার্য্যকৃত পণ মূল্য বেলমোট ৩০,০০০.

ত্রিশ হাজার টাকা বুঝিয়া পাইয়া তাহার প্রাপ্তি স্বীকারে প্রকাশ ও

প্রচার ও অঙ্গীকার করিতেছি যে, নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি অদ্যকার তারিখ

হইতে আমার স্বত্বে স্বত্ববান, দখলে দখলিকার ও হকদার অধিকার হইয়া

বর্তমান মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার কর্তৃক জেলা কালেক্টারীর বাহাদুর

সেরেস্তায় নিজ নাম পত্তন পূর্ব্বক খাজনাদি খাজনাদি আদায় দিয়া

দান, বিক্রয়, বন্ধকাদি ও সকল প্রকার হস্তান্তর ও রূপান্তর-এর মালিক

হইয়া পুত্র পৌত্রাদি, ওয়ারিশান ও স্থলাভিষিক্ত পরম্পরায় চিরকাল

পরম সুখে নির্ব্বিবাদে ভোগদখল করিতে থাকুন, কস্মিনকালে আপনার

খরিদ্দা নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তিতে কোনও দিন কোনও প্রকার আপনারের দখলাদির প্রতি কেহ বাধা বিঘ্ন সৃষ্টি করে বা ক্ষয় ক্ষতি করে তাহা হইলে আমি মায় ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণক্রমে ক্ষতি পূরন সহ দলিলের জায়ের টাকা এককালিন ফেরৎ দিতে বাধ্য রহিলাম বা রহিবেক এবং নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তিতে কেহ কোনও দিন কোন প্রকার দাবি দাওয়া ওজর আপত্তি করে, বা আপনারের দখলাদির প্রতি বিঘ্ন ঘটায় তাহা হইলে উক্ত সর্ব্ব প্রকার দাবি দাওয়া সর্ব্বস্থলে সর্ব্ব আদালতে বাতিল ও নামঞ্জুর বলিয়া গণ্য হইবে । যদি নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তিতে আমার মায় ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণক্রমের প্রতি কোনও প্রকার স্বত্ব স্বামিত্ব হক হকিয়ত বা অধিকার বর্তায় তাহা হইলে এই সাফ বিক্রয় কোবালা দলিলের ক্ষমতা বলে তাহা ধ্বংশ হইয়া বা লোপ পাইয়া আপনার প্রতি সম্পূর্ণরূপে বর্তাইবে বা অর্শিবে ।

প্রকাশ থাকে যে, নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি আমি ইতি পূর্ব্বে বিক্রয় করিবার অঙ্গিকারে অন্য কাহারও সহিত বায়নাপত্রের দ্বারা আবদ্ধ হইয়া টাকা পয়সা লই নাই বা কোন সরকারী বা বে-সরকারী অফিসে মর্টগেজ রাখিয়া ঋণ লই নাই বা কোন দেবস্থানকৃত বা করবস্থানকৃত সম্পত্তি নহে বা কোন সরকারী অফিস হইতে রিকুইজিশান বা এ্যাকুইজিশান এর নোটিশ দায়ের হয় নাই বা কোন আদালত কর্ত্তৃক ক্রোক বা নিলাম

---৭-

দায়ের হয় নাই বা কোন আদালতকৃত মালি মোকদ্দমা দায়ের নাই বা সরকারী খাস সম্পত্তি নহে, এককথায় সম্পূর্ণ নির্দায়, নির্দোষ মুক্ত অবস্থায় আপনার বিক্রয় করিবার টাইটেল মোতাবেক সম্পূর্ণ হক হকিয়ত স্বত্ব স্বামিত্ব ও অধিকার আপনাকে বিক্রয় করিয়া বিক্রীত সম্পত্তিতে দখলাদি বুঝাইয়া দিয়া আমার দখল হইতে আমি নিঃস্বত্ব স্বত্ব-ত্যাগী ও দখলচ্যুত হইলাম, আপনার দখলাদি বুঝাইয়া দিলাম।

প্রকাশ থাকে যে, অত্র বিক্রয় কোবালা দলিলের নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তিতে কোনও প্রকার ভুল ভ্রান্তি প্রকাশ পায়, যদি সংশোধনী দলিল করিবার আবশ্যক হয় তাহা হইলে আপনার ডাকে তৎক্ষণাৎ আমি স্বয় ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণক্রমে আপনার তৈয়ারী সংশোধনী দলিলে সহি সম্পাদন পূর্ব্বক আপনার নামে বরাবর রেজিষ্ট্রী করিয়া দিতে বাধ্য রহিলাম ও রহিবেক।

এতদর্থে, সুস্থ শরীরে, সরল মনে, অন্যের বিনানুরোধে স্বইচ্ছায়, সুজ্ঞানে, অত্র সাফ বিক্রয় কোবালা দলিল আপনাকে পড়াইয়া, শুনাইয়া পড়িয়া, বুঝিয়া তাহার মর্ম্ম সম্যক অবগত হইয়া দলিলের জায়ের টাকা একুনে নগদ বুঝিয়া পাইয়া ও তাহার প্রাপ্তি স্বীকারে অত্র সাফ বিক্রয় কোবালা দলিলে সহি সম্পাদন পূর্ব্বক হাজিরে রেজিষ্ট্রী করিয়া দিলাম। ইতি তারিখ ইংরাজী ২০০০ সালের ২৮শে মার্চ মোতাবেক বাংলা ১৪০৬ সালের ১৪ই চৈত্র

## :: তপশীল বর্ণিত বিক্রীত সম্পত্তির পরিচয় ::

জেলা- দক্ষিণ ২৪ পরগণা, থানা- রিজেন্টপার্ক, সাব-রেজিষ্ট্রী অফিস- আলিপুর, মৌজা- ব্রহ্মপুর গ্রামে ৯৯ (নিরানব্বই) নং খতিয়ান ভুক্ত ১২১৪ (বারশত চৌদ্দ) নং দাগে ১৬ শতক ডাঙ্গা জমি জমা মধ্যে ২ কাঠা ১৩ ছটাক ও ১২১৬ (এক হাজার দুইশত ষোল) নং দাগে ২৯ শতক বাগান জমি জমার মধ্যে পূর্বের বিক্রীত বাদে অবশিষ্ট কমবেশী ৪ চার কাঠা ১১ এগার ছটাক পরিমিত জমি জমা সর্ব মোট ৬ ছয় কাঠা ৮ আট ছটাক পরিমিত জমি জমা সায় সর্ব প্রকার আকর আওলাতাদি ও বৃক্ষাদি সায় ইজমেন্ট স্বত্বাদি সহ যাহা এই কোবালায় বিক্রীত সম্পত্তি হইতেছে। ইহার হারাহারি বার্ষিক খাজনা ৬০ পয়সা যাহা মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে জেলা দক্ষিণ ২৪ পরগণা কালেক্টার বাহাদুর সেরেস্তায় সন সন আদায় দিতে হয়। বিক্রীত সম্পত্তি বর্তমানে চাষাবাদ দ্বারা ব্যবহৃত হইতেছে।


## :: ইহার চৌহদ্দি ::


উত্তরে :- দাগ নং ১২১৪ এবং ১২১৬ এর অংশ

দক্ষিণে :- ২০'-০" প্রশস্ত [illegible] কমন রাস্তা

পূর্বে :- ১২১৭ নং দাগের জমি

পশ্চিমে :- ১০'-০" প্রশস্ত ও ১২'-০" প্রশস্ত রাস্তা


DAG NO
SOUTH 24
N


LAN OF R.S DAG NO 1213 & PART OF DAG NO 1214 AND 1216 AT MOUZA
MAPUR, J.L NO-48, P.S. REGENT PARK, DIST. SOUTH 24
ANAS. SCALE
AREA OF LAND
DAG NO 1213 = 8 SATAK (MORE OR LESS)
DAG NO 1216(P) = 4 K
DAG NO 1214(P) = 1K
PURCHASE AREA SHOWN IN RED BORDER
N
AREA OF LAND
8 SATAK
(MORE OR LESS)
R.S DAG
NO 1213
COMMON PASSAGE
R.S. DAG NO
1215
R.S. DAG NO
1216(P)
R.S DAG
NO 1217
20'-0" WIDE CALCUTTA CORPORATION ROAD
COMMON PASSAGE

Government Of West Bengal
Office Of the D.S.R. - I SOUTH 24-PARGANAS
District:-South 24-Parganas

Endorsement For Deed Number : I - 04086 of 2012
(Serial No. 00543 of 2000)

**On 28/03/2000**

**Payment of Fees:**

Amount By Cash

( Under Article : A(1) = 319/- ,E = 7/- ,H = 28/- ,M(b) = 4/- on 28/03/2000 )

**Presentation(Under Section 52 & Rule 22A(3) 46(1),W.B. Registration Rules,1962)**

Presented for registration at 13.59 hrs on :28/03/2000, at the Office of the D.S.R. - I SOUTH 24-PARGANAS by Anima Debi ,Executant.

**Admission of Execution(Under Section 58,W.B.Registration Rules,1962)**

Execution is admitted on 28/03/2000 by

1. Anima Debi, wife of Late Sambhu Nath Chakraborty ( Bhattacharjee ) , Vill - Boral, Kolkata, Thana:-Sonarpur, P.O. :- ,District:-South 24-Parganas, WEST BENGAL, India, , By Caste Hindu, By Profession : House wife

   Identified By Mintu Mukherjee, son of Late K G Mukherjee, Alipore Police Court, Kolkata, Thana:-Alipore, P.O. :- ,District:-South 24-Parganas, WEST BENGAL, India, Pin :-700027, By Caste: Hindu, By Profession: Others.

**On 21/11/2012**

**Certificate of Admissibility(Rule 43,W.B. Registration Rules 1962)**

Admissible under rule 21 of West Bengal Registration Rule, 1962 duly stamped under schedule 1A, Article number : 23, 5 of Indian Stamp Act 1899.

**Certificate of Market Value(WB PUVI rules of 2001)**

Certified that the market value of this property which is the subject matter of the deed has been assessed at Rs.-5,20,000/-

Certified that the required stamp duty of this document is Rs.- 36410 /- and the Stamp duty paid as: Impresive Rs.- 2110/-

**Deficit stamp duty**

Deficit stamp duty Rs. 34350/- is paid, by the draft number 424211, Draft Date 21/11/2012, Bank Name State Bank of India, ALIPORE COURT TREASRY BR, received on 21/11/2012

**Payment of Fees:**

Amount By Cash

Rs. 5390.00/-, on 21/11/2012

( Under Article : A(1) = 5390/- on 21/11/2012 )

( Humayun Ali )
DISTRICT SUB-REGISTRAR-I

( Humayun Ali )
**DISTRICT SUB-REGISTRAR-I**



21/11/2012 16:07:00

*cate of Registration under section 60 and Rule 69.*

gistered in Book - I
D Volume number 18
age from 2341 to 2358
being No 04086 for the year 2012.

(Humayun Ali) 22-November-2012
DISTRICT SUB-REGISTRAR-I
Office of the D.S.R. - I SOUTH 24-PARGANAS
West Bengal

।১।

:: টাকার জায় ::
***************

অদ্য রোজ প্রদত্ত ১০০০ টাকার নোট ৩০০ কেতায় ---- ৩০,০০০, টাকা।

মবলগে- ত্রিশ হাজার টাকা এককালিন নগদে বুঝিয়া পাইলাম যাত্র।

অনিমা চক্রবর্তী

মুসাবিদাকারক:-

Deepak Purkait
(Advocate)
Alipore police court
Cal-700027.

ই-সা-দী:-

১) Anjali Bhattacharya
Sahaganj Bakultala
Dist Hoogly

টাইপকারক:-

শ্রী মৃনাল কান্তি সামন্ত

শ্রী মৃনাল কান্তি সামন্ত,
আলিপুর পুলিশ কোর্ট,
কলিকাতা-২৭।